

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা  
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৬.১০.০০০১.২৬.৬৩

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩  
০৬ জুলাই ২০২৬

**বিষয়: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাদ্রাসাতে দৈনিক সমাবেশ (পিটি) এবং খেলাধুলার আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান সরকার দেশের তৃণমূল পর্যায়ে ও শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া চর্চার সম্প্রসারণে বন্ধপরিকর। তরুণ যুবসমাজ গঠন ও তারুণ্যের শক্তি নির্ভর সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের দৈনিক সমাবেশ (পিটি) এবং খেলাধুলার আয়োজন করা আবশ্যিক।

০২। এমতাবস্থায়, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল মাদ্রাসার শারীরিক শিক্ষা বিষয়ের সহকারী শিক্ষকগণ তাদের মাদ্রাসায় দৈনিক সমাবেশ (পিটি) এবং খেলাধুলার আয়োজনপূর্বক শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করবেন। উল্লেখ্য, যে সকল মাদ্রাসায় সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) পদ শূন্য রয়েছে সে সকল মাদ্রাসায় কর্মরত শিক্ষকদের মধ্যে থেকে উপযুক্ত ও খেলাধুলায় পারদর্শী কোন শিক্ষককে সাময়িকভাবে উক্ত দায়িত্ব পালন করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণ দায়িত্ব প্রদান করবেন। একইসাথে উক্ত শূন্যপদ পূরণের লক্ষ্যে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর করতে হবে।



০৬-০৭-২০২৬

মোঃ আবুল কালাম তালুকদার  
পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)

অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান ..... (সকল সরকারি ও বেসরকারি মাদ্রাসা)।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৬.১০.০০০১.২৬.৬৩/১ (৬)

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩  
০৬ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/মাদ্রাসা অনুবিভাগ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল)।
- ৪। জেলা শিক্ষা অফিসার..... (সকল)।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার..... (সকল)।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



A handwritten signature in black ink, appearing to be in Bengali script.

০৬-০৭-২০২৬

মোঃ রুবেল হোসাইন

সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা)